গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বৃহৎ করদাতা ইউনিট (LTU)
অধিক্ষেত্রাধীন করদাতার জন্য উৎসে কর কর্তন/সংগ্রহের

# তথ্য কনিকা

(২০২১-২০২২)

LARGE TAXPAYER UNIT

বৃহৎ করদাতা ইউনিট (LTU)

**LARGE TAXPAYER UNIT**

# প্রাসঙ্গিক কথা

অর্থনৈতিক উন্নয়নে আয়করের ভূমিকা অনস্বীকার্য। আয়কর আহরণের স্বীকৃত ও সহজ পদ্ধতি হলো উৎসে আয়কর কর্তন/সংগ্রহ। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৭ম অধ্যায়ের বিধান অনুযায়ী উৎসে আয়কর কর্তন/সংগ্রহ করা হয়। উৎসে কর্তনকারী কর্তৃপক্ষের নিকট অধ্যাদেশ, বিধি, এসআরও এবং বিভিন্ন সময় জারিকৃত প্রজ্ঞাপন সংগ্রহ করে প্রতিনিয়ত হালনাগাদ থাকা সম্ভব হয় না। এছাড়া মাঠ পর্যায়ে উৎসে কর্তন/সংগ্রহের নিয়ম, সংগ্রহের হার, কর জমার কোড এবং সময়সীমা ইত্যাদি বিষয়ে নানা প্রশ্ন ও বিভ্রান্তি রয়েছে। এ সকল প্রশ্ন ও বিভ্রান্তি দূরীকরণে এবং বিষয়টি সহজীকরণের লক্ষ্যে উৎসে কর কর্তন/সংগ্রহের খাতসমূহ, সংগ্রহের হার, কর জমাদান এবং উৎসে করের রিটার্ন ইত্যাদি বিষয় এই তথ্য কণিকায় সন্নিবেশ করা হয়েছে। তথ্য কণিকাটিতে সর্বশেষ ২০২১-২২ অর্থ বছরের বাজেট কার্যক্রমের মাধ্যমে আনীত পরিবর্তন/সংযোজন/পরিবর্ধন-পূর্বক হালনাগাদ করা হয়েছে।

বৃহৎ করদাতা ইউনিট (LTU), ঢাকা এর প্রত্যাশা উৎসে কর কর্তন/সংগ্রহকারী কর্তৃপক্ষ তথা এই ইউনিটের অধিক্ষেত্রাধীন করদাতার নিকট তথ্য কণিকাটি সহায়ক হবে এবং যথাযথভাবে কর কর্তন/সংগ্রহ করে রাজস্ব আহরণে পূর্বের মতো ভূমিকা রাখবে।

# উৎসে কর কর্তন/ সংগ্রহের অধিক্ষেত্র

জাতীয় রাজস্ব বোর্ডের উৎসে কর কর্তন/সংগ্রহ সংক্রান্ত অধিক্ষেত্র আদেশ অনুযায়ী বৃহৎ করদাতা ইউনিট (LTU) এর অধিক্ষেত্রভুক্ত করদাতাগণ নিম্নোক্তভাবে তাদের উৎসে সংগৃহীত কর জমা প্রদান করবে।

- বৃহৎ করদাতা ইউনিট (LTU), ঢাকা এর অধিক্ষেত্রাধীন সকল করদাতা জাতীয় রাজস্ব বোর্ডের উৎসে কর কর্তন/সংগ্রহ সংক্রান্ত অধিক্ষেত্র আদেশ নং ০৮.০১.০০০০.০২৭.০৯.০০১.১৬ (অংশ-১) / ৭৫ তারিখঃ ১৭.০৮.২০১৭ খ্রিঃ, অনুযায়ী আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৭ম অধ্যায়ে বর্ণিত সকল ধারায় উৎসে কর্তিত/সংগৃহীত আয়কর বৃহৎ করদাতা ইউনিট (LTU), ঢাকার অনুকূলে সরকারি কোষাগারে জমা প্রদান করবে।

- কোন ব্যাংক (বাংলাদেশ ব্যাংক ব্যতীত) বা অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক 52D, 52R, 53BB, 53BBBB, 53EE, 53F ধারা ব্যতীত অন্যান্য সকল ধারায় উৎসে কর্তিত/সংগৃহীত আয়কর বৃহৎ করদাতা ইউনিট (LTU), ঢাকার অনুকূলে জমা প্রদান করবে। উল্লেখ্য ৫২ইউ ধারায় (চট্টগ্রাম ও কক্সবাজার জেলা ব্যতীত) উৎসে কর্তিত/সংগৃহীত আয়কর বৃহৎ করদাতা ইউনিট (LTU), ঢাকার অনুকূলে জমা প্রদান করবে।

- এলটিইউ এর অধিক্ষেত্রাধীন করদাতা নয় সরকারের এমন কোন কর্তৃপক্ষ বা স্থানীয় সরকার বা অন্যকোন কর্তৃপক্ষ বা Person (কোম্পানি বা সমবায় সমিতি বা এনজিও ব্যতীত) কর্তৃক 50A, 51, 52AA (মোবাইল ব্যাংকিং কার্যক্রমে ব্যবহৃত মোবাইল নেটওয়ার্ক অপারেটর, কারিগরি সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠান এবং সার্ভিস ডেলিভারি এজেন্টকে প্রদেয় ফিস), 52I (চট্টগ্রাম ব্যতীত), 52T, 52U (চট্টগ্রাম ও কক্সবাজার জেলা ব্যতীত), 52V, 53G, 53GG ধারায় উৎসে কর্তিত/সংগৃহীত আয়কর বৃহৎ করদাতা ইউনিট (LTU), ঢাকার অনুকূলে জমা প্রদান করবে।

- বৃহৎ করদাতা ইউনিটের অধিক্ষেত্রাধীন করদাতাগণ কর্তৃক উৎসে কর্তিত/সংগৃহীত আয়কর কেবল বৃহৎ করদাতা ইউনিট (LTU), ঢাকা এর অনুকূলে (কোম্পানি করদাতার নিকট হতে উৎসে কর্তিত কর ১-১১৪৫-০০১০-০১০১ কোডে এবং ব্যক্তি করদাতার নিকট হতে উৎসে কর্তিত কর ১-১১৪৫-০০১০-০১১১ কোডে) জমা প্রদান করবে।

- আয়কর বিধিমালা ১৯৮৪ এর বিধি ২৬এ সংশোধন-পূর্বক এ বছর হতে প্রচলিত অন্যান্য পদ্ধতির পাশাপাশি Automated challan (A-challan) এবং Electronic payment (e-payment)-এর বিধান সন্নিবেশিত হয়েছে, যা পাঁচ লক্ষ টাকা পর্যন্ত আয়কর পরিশোধের ক্ষেত্রে অবশ্য পালনীয়।

# উৎসে আয়কর কর্তন/সংগ্রহের খাত, ধারা ও হার

<table>
<tr><th>ক্রঃ</th><th>উৎসের খাত</th><th>ধারা</th><th colspan="3">উৎসে কর কর্তনের হার</th><th>এলটিইউ (LTU) এর ক্ষেত্রে প্রযোজ্যতা</th></tr>
<tr><td>১</td><td>বেতনাদি</td><td>ধারা-৫০</td><td colspan="3">গড় হারে</td><td></td></tr>
<tr><td>২</td><td>বাংলাদেশ ব্যাংক বিলের উপর ডিসকাউন্ট</td><td>ধারা-৫০এ</td><td colspan="3">সর্বোচ্চ হারে</td><td></td></tr>
<tr><td>৩</td><td>সিকিউরিটিস এর উপর সুদ</td><td>ধারা-৫১</td><td colspan="3">৫%</td><td></td></tr>
<tr><td rowspan="4">৪</td><td rowspan="4">ঠিকাদার ও সরবরাহকারীদের পরিশোধ</td><td rowspan="4">ধারা-৫২<br>বিধি- ১৬</td><td colspan="3">ঠিকাদার, সরবরাহ, ম্যানুফেকচার, প্রসেস বা কনভার্শন, প্রিন্টিং, প্যাকেজিং বা বাইন্ডিং এর ক্ষেত্রে<br>ভিত্তিমূল্য ৫০ লক্ষ টাকা পর্যন্ত-----------------------৩%<br>ভিত্তিমূল্য ৫০ লক্ষ টাকার অধিক কিন্তু ২ কোটি টাকার উর্ধ্বে নয়---------------------------------৫%<br>ভিত্তিমূল্য ২ কোটি টাকার অধিক---------------------৭%<br>অয়েল মার্কেটিং কোম্পানির তেল সরবরাহ ক্ষেত্রে-----০.৬%<br>অয়েল মার্কেটিং কোম্পানির ডিলার বা এজেন্ট (পেট্রল পাম্প ব্যতীত) হতে তেল সরবরাহের ক্ষেত্রে<br>যে কোন পরিমাণ পেমেন্ট---------------------------১%<br>অয়েল রিফাইনার কোম্পানি হতে তেল সরবরাহের ক্ষেত্রে<br>যে কোন পরিমাণ পেমেন্ট---------------------------৩%<br>গ্যাস ট্রান্সমিশন কোম্পানি পেমেন্টের ক্ষেত্রে<br>যে কোন পরিমাণ পেমেন্ট---------------------------৩%<br>গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি পেমেন্টের ক্ষেত্রে<br>যে কোন পরিমাণ পেমেন্ট---------------------------৩%<br>এম. এস বিলেট ব্যতিরেকে সিমেন্ট, লোহা বা লৌহজাত পণ্য উৎপাদনের ক্ষেত্রে যেকোনো পরিমাণ পেমেন্টের ক্ষেত্রে-------২%<br>এম. এস বিলেট (M.S Billet) উৎপাদনের ক্ষেত্রে যেকোনো পরিমাণ পেমেন্টের ক্ষেত্রে-------------------------------------০.৫%</td><td rowspan="4"></td></tr>
<tr><td colspan="3">স্থানীয়ভাবে ক্রয়কৃত MS Scrap-এর ক্ষেত্রে---------------০.৫%</td></tr>
<tr><td colspan="3">ধান, চাল, গম, ইত্যাদি ক্ষেত্রে----------------------------২%</td></tr>
<tr><td colspan="3">পেমেন্ট এর সময় প্রাপক ১২ ডিজিট টিআএনধারী না হলে অথবা ব্যাংকিং চ্যানেলে পেমেন্ট না হলে উৎসে করের হার নির্ধারিত হার অপেক্ষা ৫০ শতাংশ বেশি হবে।</td></tr>
<tr><td>৫</td><td>রয়্যালটি ইত্যাদি সহ সকল Intangibles ব্যবহার</td><td>ধারা-৫২এ</td><td colspan="3">ভিত্তিমূল্য ২৫ লক্ষ টাকা পর্যন্ত---------------------------১০%<br>ভিত্তিমূল্য ২৫ লক্ষ টাকার অধিক ------------------------১২%<br>পেমেন্ট এর সময় প্রাপক ১২- ডিজিট টিইএনধারী না হলে উৎসে করের হার নির্ধারিত হার অপেক্ষা ৫০ শতাংশ বেশি হবে।</td><td></td></tr>
<tr><td rowspan="4">৬</td><td colspan="2" rowspan="2">উপদেষ্টা অথবা কনসালটেন্সি সার্ভিস, কুরিয়ার সার্ভিস, প্যাকিং এন্ড শিফটিং</td><td>ধারা</td><td>ভিত্তিমূল্য ২৫ লক্ষ টাকা পর্যন্ত</td><td>ভিত্তিমূল্য ২৫ লক্ষ টাকার অধিক হলে</td><td rowspan="4"></td></tr>
<tr><td rowspan="3">ধারা-৫২এএ</td><td>১০%</td><td>১২%</td></tr>
<tr><td colspan="2">পেশাগত সার্ভিস, কারিগরি সার্ভিসেস ফি, কারিগরি সহায়তা ফি (ডাক্তার কর্তৃক প্রদত্ত পেশাগত সার্ভিস ব্যতীত)</td><td>১০%</td><td>১২%</td></tr>
<tr><td colspan="2">ক্যাটারিং সার্ভিস; ক্লিনিং সার্ভিস; কালেকশন এন্ড রিকভারি সার্ভিস; প্রাইভেট সিকিউরিটি সার্ভিস; জনবল সরবরাহ সার্ভিস; ক্রিয়েটিভ মিডিয়া সার্ভিস; পাবলিক রিলেশন/জনসংযোগ সার্ভিস; ইভেন্ট ম্যানেজমেন্ট সার্ভিস; প্রশিক্ষণ, ওয়ার্কশপ, ইত্যাদি আয়োজন ও ব্যবস্থাপনা সার্ভিস; বা অনুরূপ অন্যান্য সার্ভিস</td><td>১. কমিশন প্রদানের ক্ষেত্রে কমিশনের উপর ------ ১০%<br>২. গ্রস বিল প্রদানের ক্ষেত্রে গ্রস বিলের উপর ----- ১.৫%</td><td>১. কমিশন প্রদানের ক্ষেত্রে কমিশনের উপর ------ ১২%<br>২. গ্রস বিল প্রদানের ক্ষেত্রে গ্রস বিলের উপর ------ ২%</td></tr>
<tr><td></td><td colspan="2">মিডিয়া বায়িং এজেন্সি সার্ভিস</td><td></td><td>১. কমিশন প্রদানের ক্ষেত্রে কমিশনের উপর ------ ১০%<br>২. গ্রস বিল প্রদানের ক্ষেত্রে গ্রস বিলের উপর ----- ০.৫%</td><td>১. কমিশন প্রদানের ক্ষেত্রে কমিশনের উপর ------ ১২%<br>২. গ্রস বিল প্রদানের ক্ষেত্রে গ্রস বিলের উপর --- ০.৬৫%</td><td></td></tr>
</table>

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | ইন্ডেন্টিং কমিশন | | ৬% | ৮% | |
| | মিটিং ফিস, ট্রেনিং ফিস বা সম্মানী | | ১০% | ১২% | |
| | মোবাইল ব্যাংকিং কার্যক্রমে ব্যবহৃত মোবাইল নেটওয়ার্ক অপারেটর, কারিগরি সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠান এবং সার্ভিস ডেলিভারি এজেন্টকে প্রদেয় ফিস | | ১০% | ১২% | |
| | ক্রেডিট রেটিং সার্ভিস | | ১০% | ১২% | |
| | মোটর গ্যারেজ ও ওয়ার্কশপ | | ৬% | ৮% | |
| | প্রাইভেট কন্টেইনার পোর্ট বা ডকইয়ার্ড সার্ভিস | | ৬% | ৮% | |
| | শিপিং এজেন্সি কমিশন | | ৬% | ৮% | |
| | স্টিভেডরিং/ বার্থ অপারেশন: কমিশনের ক্ষেত্রে | | ১০% | ১২% | |
| | স্টিভেডরিং/ বার্থ অপারেশন: গ্রস বিলের ক্ষেত্রে | | ১.৫% | ২% | |
| | পরিবহন সার্ভিস, ক্যারিং সার্ভিস, যানবাহন রেন্টাল সার্ভিস, ride sharing service, coworking space providing service, accommodation providing service | | ৩% | ৪% | |
| | Wheeling charge for electricity transmission | | ২% | ৩% | |
| | ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সেবা ব্যতীত আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর Chapter VII সুনির্দিষ্টকৃত নয় এমন যে কোন সেবা | | ১০% | ১২% | |
| ৭ | সি এন্ড এফ এজেন্সিকে প্রদেয় ফি | ধারা- ৫২এএএ | ১০% | | |
| ৮ | সিগারেট উৎপাদনকারীর নিকট থেকে সিগারেট উৎপাদনের জন্য ব্যান্ড রোলের মূল্যের উপর | ধারা-৫২বি | ১০% | | |
| ৯ | সরকার কর্তৃক সম্পত্তির হুকুম দখল বাবদ প্রদেয় ক্ষতিপূরণ | ধারা- ৫২সি | সিটি কর্পোরেশন, পৌরসভা বা ক্যান্টনমেন্ট বোর্ড এর অধীনে----৬%<br>অন্যান্য ক্ষেত্রে ---------------- ৩% | | |
| ১০ | সঞ্চয়পত্রের উপর সুদ | ধারা- ৫২ডি | ১০% | | প্রযোজ্য নয় |
| ১১ | শ্রমিক অংশগ্রহণ তহবিল (WPF) হতে সুবিধাভোগীকে অর্থ পরিশোধ | ধারা- ৫২ডিডি | ৫% | | |
| ১২ | ইটের ভাটা পরিচালনা | ধারা-৫২এফ | ধারা-৫২এফ এর বিধান অনুযায়ী | | |
| ১৩ | ঋণপত্রের (এলসি) কমিশন | ধারা-৫২আই | ৫% | | |
| ১৪ | বিমান টিকিট বিক্রয় বা কার্গো ভাড়া বাবদ ট্রাভেল এজেন্টকে প্রদত্ত কমিশন ডিসকাউন্ট, ইনসেনটিভ বোনাস | ধারা-৫২জেজে | ধারা-৫২ জেজে এর বিধান অনুযায়ী | | |
| ১৫ | ট্রেড লাইসেন্স ইস্যু বা নবায়ন | ধারা-৫২কে | ঢাকা উত্তর, দক্ষিন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন জন্য ৩০০০ টাকা।<br>অন্যান্য সিটি কর্পোরেশন ২০০০ টাকা, জেলা সদরের পৌরসভার জন্য ১০০০ টাকা এবং অন্যান্য পৌরসভার জন্য ৫০০ টাকা। | | |
| ১৬ | ফ্রেইট ফরওয়ার্ড এজেন্সি কমিশন | ধারা-৫২এম | ১৫% | | |
| ১৭ | রেন্টাল পাওয়ার ক্রয় বাবদ | ধারা-৫২এন | ৬% | | |
| ১৮ | ডায়মন্ড কাটিং ইন্ডাস্ট্রিতে কর্মরত বিদেশি টেকনিশিয়ান | ধারা-৫২ও | ৫% | | |
| ১৯ | কনভেনশন হল, কনফারেন্স সেন্টার ইত্যাদিকে ভাড়া প্রদান | ধারা-৫২পি | ৫% | | |
| ২০ | যে কোনো ধরনের সেবা, অনলাইন প্লাটফর্মে ব্যবহারযোগ্য বিজ্ঞাপন, ফি, সেবা চার্জ, কমিশন/পারিশ্রমিক, রেভিনিউ শেয়ারিং ইত্যাদি বাবদ বিদেশ হতে বাংলাদেশে ব্যক্তির ব্যাংক হিসাবে প্রেরিত অর্থের উপর ------------------------------------<br>ব্যতিক্রম আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর 6th Schedule, Part-A, Para-48 অনুযায়ী যে সকল আয় মোট আয়ের অন্তর্ভুক্ত নয় এবং 6th Schedule, Part-A, Para-33 অনুযায়ী কর অব্যাহতিপ্রাপ্ত আয়ের ক্ষেত্রে উৎসে আয়কর কর্তন প্রযোজ্য হবে না। | ধারা-৫২কিউ | ১০% | | |
| ২১ | আন্তর্জাতিক ফোন কল বাবদ প্রাপ্তি | ধারা-৫২ আর(১) | IGW----------------------১.৫% | | প্রযোজ্য নয় |
| | | ধারা-৫২ আর(২) ও আর ৫২ (২এ) | ICX, ANS, BTRC এবং অন্যান্যদের ক্ষেত্রে ----------৭.৫% | | |
| ২২ | ইন্স্যুরেন্স পলিসি হোল্ডারদের পরিশোধিত প্রিমিয়ামের অতিরিক্ত অর্থ | ধারা-৫২টি | ৫% | | |

| ক্রঃ | উৎসের খাত | ধারা | উৎসে কর কর্তনের হার | এলটিইউ (LTU) এর ক্ষেত্রে প্রযোজ্যতা |
|---|---|---|---|---|
| ২৩ | ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক Local L/C হিসাবের ক্ষেত্রে উৎসে কর কর্তন<br><br>জনশক্তি রপ্তানীর সার্ভিস চার্জ | ধারা-৫২ইউ চট্টগ্রাম ও কক্সবাজার জেলা ব্যতীত | Financing Agreement এর আওতায় ক্রেডিট সুবিধা প্রদানের ক্ষেত্রে:<br>* উপধারা (১) অনুযায়ী ক্রেতার পক্ষে বিক্রেতাকে অর্থ পরিশোধের ক্ষেত্রে উৎসে করের পরিমাণ-----৩%<br>* উপধারা (২) অনুযায়ী ডিস্ট্রিবিউটর এর পক্ষে বিক্রেতাকে অর্থ পরিশোধের ক্ষেত্রে -------------১%<br>* উপধারা (৩) উল্লিখিত পণ্য ধান, গম, গোল আলু পেঁয়াজ ইত্যাদি পণ্যের ক্ষেত্রে -------------------২% | |
| ২৪ | সেলুলার ফোন কোম্পানি কর্তৃক রাজস্ব বিভাজন, লাইসেন্স ফি বা অন্য কোন চার্জ | ধারা-৫২ভি | ১০% | |
| ২৫ | আমদানিকারক | ধারা ৫৩/বিধি ১৭এ | বিধি ১৭এ এর বিধান অনুযায়ী | |
| ২৬ | গৃহ সম্পত্তি ভাড়া, হোটেল ভাড়া | ধারা-৫৩এ | ৫% | |
| ২৭ | কোন নিবাসী কর্তৃক জাহাজ ব্যবসা | ধারা-৫৩এএ | ধারা-৫৩এএ এর বিধান অনুযায়ী | |
| ২৮ | জনশক্তি রপ্তানি সার্ভিস চার্জ | ধারা-৫৩বি | ১০% | |
| | জনশক্তি রপ্তানিকারকগণের লাইসেন্স ইস্যু/নবায়ন | ধারা-৫৩বি | টাকা ৫০,০০০/- | |
| ২৯ | নিটওয়্যার ও ওভেন গার্মেন্টস, টেরিটাওয়েল, গার্মেন্টস শিল্পের কার্টন ও এক্সেসরিজ, পাট-পণ্য, হিমায়িত খাদ্য, সবজি চামড়াজাত পণ্য, প্যাকেট খাদ্য রপ্তানি | ধারা-৫৩বিবি | ০.৫% | প্রযোজ্য নয় |
| ৩০ | স্টক এক্সচেঞ্জের সদস্য | ধারা-৫৩বিবিবি | শেয়ার ও মিউচুয়াল ফান্ড লেনদেনের ক্ষেত্রে মোট লেনদেন মূল্যের ---------------------------------------০.০৫%<br>অন্যান্য সকল সিকিউরিটিজ লেনদেনের ক্ষেত্রে কমিশনের ---------------------------------------------১০% | |
| ৩১ | নিটওয়্যার ও ওভেন গার্মেন্টস টেরিটাওয়েল, গার্মেন্টস শিল্পের কার্টন এবং এক্সেসরিজ, পাট-পণ্য, হিমায়িত খাদ্য, সবজি ও চামড়াজাত পণ্য, প্যাকেটজাত পণ্য বাদে অন্যান্য রপ্তানি | ধারা-৫৩বিবিবিবি | ০.৫% | প্রযোজ্য নয় |
| ৩২ | সরকারি নিলামে দ্রব্যাদি বিক্রয় বা সম্পত্তি বিক্রয় | ধারা-৫৩সি | ১০% | |
| ৩৩ | অনিবাসীর কুরিয়ার ব্যবসা | ধারা-৫৩সিসি | ১৫% | |
| ৩৪ | অভিনেতা এবং অভিনেত্রীকে প্রদত্ত অর্থ | ধারা-৫৩ডি | ১০% | |
| ৩৫ | রপ্তানির ক্ষেত্রে নগদ সহায়তা (Export Cash Subsidy) | ধারা ৫৩ডিডি | ১০% | |
| ৩৬ | কমিশন, ডিসকাউন্ট বা ফিস | ধারা-৫৩ই (১)(২)(৩) | ধারা-৫৩ই (১)(২)(৩) এর বিধান অনুযায়ী | |
| ৩৭ | বিদেশি ক্রেতার এজেন্ট | ধারা-৫৩ইই | ১০% | প্রযোজ্য নয় |
| ৩৮ | সঞ্চয়ী আমানত বা স্থায়ী আমানতের সুদ | ধারা-৫৩এফ | ধারা-৫৩এফ এর বিধান অনুযায়ী | প্রযোজ্য নয় |
| ৩৯ | রিয়েল এস্টেট এবং ভূমি উন্নয়ন ব্যবসা | ধারা-৫৩এফএফ | ধারা-৫৩এফএফ এর বিধান অনুযায়ী | |
| ৪০ | বীমা কমিশন | ধারা-৫৩জি | ৫% | |
| ৪১ | সাধারণ বীমা কোম্পানির সার্ভেয়ার | ধারা-৫৩জিজি | ১০% | |
| ৪২ | সম্পত্তি হস্তান্তর | ধারা-৫৩এইচ | ধারা-৫৩এইচ এর বিধান অনুযায়ী | |
| ৪৩ | সম্পত্তির লীজ এর ক্ষেত্রে | ধারা-৫৩এইচএইচ | ৪% | |
| ৪৪ | ডাকঘর সঞ্চয় ব্যাংক হিসাবে জমার উপর সুদ | ধারা-৫৩আই | ১০% | |
| ৪৫ | খালি জমি বা প্ল্যান্ট বা যন্ত্রপাতির ভাড়া | ধারা-৫৩জে | ৫% | |
| ৪৬ | সংবাদপত্র, সাময়িকী বা বেসরকারি টেলিভিশন, বেসরকারি রেডিও চ্যানেল বা ওয়েব সাইটে প্রচারিত বিজ্ঞাপন বিল | ধারা-৫৩কে | ৪% | |
| ৪৭ | স্পন্সর শেয়ারহোল্ডার বা ডিরেক্টরদের শেয়ার হস্তান্তর | ধারা-৫৩এম | ৫% | |
| ৪৮ | কোন স্টক এক্সচেঞ্জের শেয়ার হস্তান্তর | ধারা-৫৩এন | ১৫% | |
| ৪৯ | রিয়েল এস্টেট ডেভেলপার কর্তৃক জমির মালিককে অর্থ পরিশোধ | ধারা-৫৩পি | ১৫% | |

| ক্রঃ | উৎসের খাত | ধারা | উৎসে কর কর্তনের হার | এলটিইউ (LTU) এর ক্ষেত্রে প্রযোজ্যতা |
|---|---|---|---|---|
| ৫০ | লভ্যাংশ | ধারা-৫৪ | নিবাসী/অনিবাসী বাংলাদেশী কোম্পানি --- ২০%<br>ক) বাংলাদেশী কোম্পানির ক্ষেত্রে প্রযোজ্য হারেঃ-<br>খ) বাংলাদেশী ব্যক্তির ক্ষেত্রে ঃ<br>১২ ডিজিট টিআইএন থাকিলে -----১০%<br>১২ ডিজিট টিআইএন না থাকিলে --১৫%<br>কোন বাংলাদেশী নিবাসী অনিবাসী কোম্পানিকে Taxed Dividend প্রদান করার ক্ষেত্রে 6th Schedule, Part-A, para-60 অনুযায়ী অব্যাহতিপ্রাপ্ত হলে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে না | |
| ৫১ | লটারি | ধারা-৫৫ | ২০% | |
| ৫২ | অনিবাসীর আয় | ধারা-৫৬ | ধারা-৫৬ এর বিধান অনুযায়ী | |
| | | ধারা-৫৬ (১) | অনিবাসী করদাতার Share হস্তান্তরের মাধ্যমে মূলধনী লাভ---১৫% | |
| | | ধারা-৫৬ এর (২) | Tax Treaty অনুযায়ী কোন অব্যাহতি অথবা হ্রাসকৃত হারে এ সুবিধা প্রাপ্ত হলে বোর্ড থেকে অব্যাহতি/হ্রাসকৃত হারে প্রাপ্তি বিষয়ে সনদপত্র গ্রহণ করা বাধ্যতামূলক। | |
| | | ধারা-৫৬ এর (২এ) | পরিশোধিত/কর্তনকৃত কর নূন্যতম কর দায় হিসেবে বিবেচিত হবে এবং কোন প্রত্যর্পণযোগ্য কর সৃষ্টি হবে না বা অন্যান্য দাবীর সাথে সমন্বয়যোগ্য হবে না। | |
| ৫৩ | মোটর গাড়ির মালিকানাজনিত অনুমিত আয়ের উপর অগ্রিম কর | ধারা-৬৮বি | ধারা-৬৮বি এর বিধান অনুযায়ী | |
| ৫৪ | বাস, ট্রাক, মিনিবাস, কোস্টার ইত্যাদির অনুমিত আয়কর | এসআরও ২১৫/২০১৯ | এসআরও -২১৫/২০১৯ এর বিধান অনুযায়ী | |
| ৫৫ | অভ্যন্তরীণ, নৌযান, কার্গো কোস্টার বা ডাম্পবার্জ এর অনুমিত আয়কর | এসআরও ২১৪/২০১৯ | এসআরও -২১৪/২০১৯ এর বিধান অনুযায়ী | |

## উৎসে কর্তিত/সংগৃহীত আয়কর জমার কোড :

কোম্পানি শ্রেণীর করদাতার ক্ষেত্রে ঃ ১-১১৪৫-০০১০-০১০১
ব্যক্তি শ্রেণীর করদাতার ক্ষেত্রে ঃ ১-১১৪৫-০০১০-০১১১

## উৎসে কর্তিত/সংগৃহীত আয়কর সরকারি কোষাগারে জমার সময়সীমা :

বিধি ১৩ অনুযায়ী কর জমার সময়সীমা নিম্নরূপ:

| ক্রমিক | কর কর্তন বা সংগ্রহের সময়কাল | কর্তিত/সংগৃহীত কর সরকারি কোষাগারে জমা দেয়ার সময়সীমা |
|---|---|---|
| ০১ | জুলাই থেকে মে মাস পর্যন্ত | কর কর্তন বা সংগ্রহ সংশ্লিষ্ট মাস শেষ হওয়ার দুই সপ্তাহের মধ্যে |
| ০২ | জুন মাসের ১ থেকে ২০ তারিখ | কর কর্তন বা সংগ্রহের তারিখের পরবর্তী ৭ দিনের মধ্যে |
| ০৩ | জুন মাসের অবশিষ্ট দিনগুলি | কর কর্তন বা সংগ্রহের তারিখের পরবর্তী দিনে। তবে জুন মাসের শেষ ২ কর্মদিবসে কর্তিত/সংগৃহীত কর কর্তন/সংগ্রহের দিনেই। |

## উৎসে কর কর্তনে ও জমাদানে ব্যর্থতার ফলাফল:

- উৎসে কর কর্তনে এবং জমাদানে ব্যর্থ কর্তৃপক্ষকে খেলাপি করদাতা (Assessee in default) হিসেবে বিবেচনা করা;
- মাসিক ২% হারে অতিরিক্ত পরিমানসহ ব্যর্থ কর্তৃপক্ষের নিকট হতে আদায়;
- ব্যর্থ প্রতিষ্ঠানের কর নির্ধারনের সময় কর্তনযোগ্য/সংগ্রহযোগ্য কর সংশ্লিষ্ট ব্যয় অনুমোদনযোগ্য খরচ (allowable expense) হিসেবে বিবেচনা না করা অর্থাৎ কর্তনযোগ্য/সংগ্রহযোগ্য করের সাথে সংশ্লিষ্ট ব্যয়কে উক্ত প্রতিষ্ঠানের করযোগ্য আয় হিসেবে গণ্যকরণ।
- আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ১৬৪ ধারা মোতাবেক উৎসে কর কর্তনে ব্যর্থ খেলাপি কর্তৃপক্ষের বিরুদ্ধে ফৌজদারি মামলার বিধান রয়েছে।

## উৎসে কর কর্তনে বিধি ১৮ অনুযায়ী ধারা ৫৮ এর বিধানাবলি:

উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষ (Person) প্রতিমাসে বিভিন্ন খাতে যে উৎসে কর কর্তন বা আদায় করেন তার তথ্য আয়কর বিধিমালা, ১৯৮৪ এর rules 18 তে বর্ণিত বিবরণী অনুযায়ী আয়কর কর্তৃপক্ষের নিকট প্রেরণ করার বিধান রয়েছে।

উল্লিখিত উৎসে করের বিবরণী যথাসময়ে আয়কর কর্তৃপক্ষের নিকট প্রেরণের ব্যর্থতায় আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 124 অনুযায়ী জরিমানার বিধান নিম্নরূপঃ

- আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 58 অনুযায়ী বিবরণী/তথ্য দাখিলে ব্যর্থতায় এককালীন জরিমানার পরিমাণ ৫০০০/- টাকা এবং ব্যর্থতা অব্যাহত থাকলে প্রত্যেক মাস বা মাসের ভগ্নাংশের জন্য ১০০০/- টাকা হারে জরিমানা।

## উৎসে আয়করের রিটার্ন দাখিল:

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৭৫এ অনুযায়ী উৎসে করের রিটার্ন দাখিলের বিধান বিদ্যমান রয়েছে। কোম্পানি, সমবায় সমিতি, মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটির লাইসেন্স প্রাপ্ত মাইক্রোক্রেডিট প্রতিষ্ঠান, বেসরকারি বিশ্ববিদ্যালয়, ক্লিনিক, ডায়াগনস্টিক সেন্টার, ফার্ম অথবা ব্যক্তিসংঘ এবং এনজিও ব্যুরোতে নিবন্ধিত প্রত্যেক এনজিওর জন্য উৎস করের রিটার্ন দাখিল বাধ্যতামূলক। এ সকল প্রতিষ্ঠানের এর কর নির্ধারণ (assessment) যে উপ কর কমিশনারের/ইউনিটের অধিক্ষেত্রাধীন তার নিকট উৎস করের রিটার্ন দাখিল করতে হবে।

উৎস করের রিটার্ন বিধি দ্বারা নির্ধারিত ফরমে প্রযোজ্য সকল বিবরণ ও তথ্য সন্নিবেশ করে দাখিল করতে হবে। রিটার্নের সাথে প্রযোজ্য সকল তফসিল, বিবরণী, হিসাব, সংযোজনী এবং দলিলাদি দাখিল করতে হবে। কোম্পানির ক্ষেত্রে প্রধান কর্মকর্তা এবং অন্যান্য ক্ষেত্রে উপযুক্ত ব্যক্তি রিটার্নে স্বাক্ষর ও সত্য-প্রতিপাদন করবেন।

### প্রতি অর্থ বছরের জন্য দু'টি উৎসে করের রিটার্ন দাখিল করতে হবে-

| ক্রমিক | উৎসে কর কর্তন/সংগ্রহের সময় | উৎসে কর রিটার্ন | রিটার্ন দাখিলের শেষ তারিখ |
|---|---|---|---|
| ১ | ১ জুলাই হতে ৩১ ডিসেম্বর | প্রথম রিটার্ন | একই অর্থ বছরের ৩১ জানুয়ারি |
| ২ | ১ জানুয়ারি হতে ৩০ জুন | দ্বিতীয় রিটার্ন | পরবর্তী অর্থ বছরের ৩১ জুলাই |

তবে, রিটার্ন দাখিলকারীর লিখিত আবেদনের প্রেক্ষিতে উপ কর কমিশনার রিটার্ন দাখিলের সময়সীমা ১৫ দিন পর্যন্ত বৃদ্ধি করতে পারবেন।
জাতীয় রাজস্ব বোর্ড সরকারি গেজেট নোটিফিকেশনের মাধ্যমে নির্দেশনা জারী করে-

(১) এ ধারায় বর্ণিত উৎসে কর রিটার্ন electronically বা অন্য কোন machine readable বা computer readable মাধ্যমে দাখিলযোগ্য হবে মর্মে বলে দিতে পারবে।

(২) উক্ত electronic বা machine readable বা computer readable রিটার্ন কিরূপ ফরমে এবং কিভাবে দাখিল করা হবে তা নির্ধারণ করে দিতে পারবে।

এস, আর, ও নং ২৫৯-আইন/আয়কর/২০১৬, তারিখ ১০ আগষ্ট,২০১৬ এর মাধ্যমে আয়কর বিধিমালা, ১৯৮৪ সংশোধন করে উৎসে করের নতুন রিটার্ন ফরম প্রবর্তন করা হয়েছে। নতুন প্রবর্তিত এই রিটার্ন অনুযায়ী উৎসে করের রিটার্ন দাখিল করতে হবে।
আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৭৫এএ অনুযায়ী উৎসে কর কর্তন/সংগ্রহের বিষয়ে নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করা হয়। উল্লেখ্য নিরীক্ষা কার্যক্রমে এ বিষয়ে কোন ব্যত্যয়ের ক্ষেত্রে ১২৪ ধারায় জরিমানসহ ধারা ৫৭ এবং ৫৭এ অনুযায়ী আইনগত ব্যবস্থা গ্রহণের বিধান রয়েছে।

### 108 ধারার রিটার্ন দাখিল

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ১০৮ অনুযায়ী সরকারি প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য নিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক কর্মকর্তা/কর্মচারীদের বেতনভুক্ত আয় হতে কর প্রদান সংক্রান্ত রিটার্ন প্রতি বৎসরের ১ সেপ্টেম্বর এর পূর্বে নির্ধারিত ফরমে এবং নির্ধারিত পদ্ধতিতে রিটার্ন দেয়ার বাধ্যবাধকতা রয়েছে।

### 108(A) ধারার রিটার্ন দাখিল

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ১০৮(এ) বিধান অনুযায়ী বেসরকারি নিয়োগকর্তার ব্যবসা/পেশায় কর্মরত বেতনভোগী সকল employee প্রত্যেক বছরের ১৫ এপ্রিল তারিখের মধ্যে তার নিয়োগকর্তার নিকট নিম্নবর্ণিত তথ্য প্রদান করবেন:-
(ক) টিআইএন (খ) রিটার্ন দাখিলের তারিখ:
(গ) রিটার্নের প্রাপ্তি স্বীকারপত্রে উল্লিখিত ক্রমিক নম্বর (যা কর অফিস হতে দেয়া হয়)।

যে সকল employee এর জন্য ১২-ডিজিট টিআইএন গ্রহণ বাধ্যতামূলক করা হয়েছে সে সকল employee নিয়োগকর্তাকে এ তথ্যসমূহ জানাবেন।
নিজ নিজ employee এর রিটার্ন দাখিলের তথ্য প্রত্যেক নিয়োগকর্তা কর্তৃক বিধি 23A এ নির্ধারিত বিবরণীর মাধ্যমে ৩০ এপ্রিল তারিখের মধ্যে কর অফিসকে অবহিত করতে হবে।

### 75A, 108 এবং 108(A) ধারায় রিটার্ন দাখিল ব্যর্থতার ফলাফল:

- রিটার্ন দাখিলের ব্যর্থতায় ১২৪ ধারায় এককালীন জরিমানার পরিমাণ হবে সর্বশেষ নির্ধারিত করের ১০ শতাংশ অথবা পাঁচ হাজার টাকা-দু'য়ের মধ্যে যেটি বেশি সে অংক।
- এ ছাড়া, বর্ণিত রিটার্ন বা বিবরণী দাখিলে ব্যর্থতা অব্যাহত থাকলে প্রত্যেক মাস বা মাসের ভগ্নাংশের জন্য এক হাজার টাকা হারে জরিমানা আরোপযোগ্য হবে।

উল্লেখ্য 82BB(7) এবং Proviso এর (c) বিধান অনুযায়ী ধারা 75A, 108 এবং 108(A) বিধান পরিপালন না করলে ১৫ শতাংশ বেশি আয় প্রদর্শনের শর্ত পূরণ সত্ত্বেও কোন করদাতার সংশ্লিষ্ট কর বছরের আয়কর রিটার্ন অডিটের জন্য নির্বাচন করা যাবে।
উৎসে কর কর্তন/সংগ্রহ সংক্রান্ত কোন তথ্যের প্রয়োজন হলে এ ইউনিটের নিম্নোক্ত ফোন নম্বর সমূহে করা যেতে পারে।
ফোন: ৮৩১৪৭৫২, ৯৩৩২০১০, ৯৩৩৪৪৫৪ ও ৮৩২১৬১৬।
বৃহৎ করদাতা ইউনিট (LTU), জাতীয় রাজস্বের স্বার্থে আপনার ঐকান্তিক সহযোগিতা কামনা করছে।

কর কমিশনার
বৃহৎ করদাতা ইউনিট (LTU)

# আয়করে প্রবৃদ্ধি
# দেশ ও দশের সমৃদ্ধি

LARGE TAXPAYER UNIT

## বৃহৎ করদাতা ইউনিট (LTU)

২য় ১২ তলা সরকারি অফিস ভবন (৭ম তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০
পিএবিএক্স: ৯৩৩২০১০, ৯৩৩৪৪৫৪, ৮৩২১৬১৬, ফ্যাক্স: ৯৩৩১৪২৩
Email: ltuit@dhaka.net, Web: www.ltu.gov.bd, Facebook: www.facebook.com/ltutax